গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণাঞ্চল, বরিশাল

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

**সূচিপত্র**

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

গত ৩ (তিন) বছরে দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল হতে ৭টি প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত হয়েছে ( ২০২১-২২ এ ৫ টি ও ২০২২-২৩ এ ২ টি)। ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পসমূহের আওতায় ৯.৩০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ, ১২.০০ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন এবং ৭.৫০ কিঃমিঃ উপকূলীয় বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ উঁচুকরণ কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনার আওতায় জোনের ৬টি জেলায় আরো প্রায় ২০৫ কিঃমিঃ দৈর্ঘ্যে ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন সম্পন্ন হয়েছে। এছাড়া পরিচালন ব্যয় খাতের আওতায় বিভিন্ন প্রতিরক্ষামূলক কাজ, অবকাঠামো মেরামত ইত্যাদি কাজ বাস্তবায়ন করা হয়েছে। এ সকল কার্যক্রমের ফলে সেচ সুবিধা সম্প্রসারণ, বন্যামুক্তকরণসহ দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকায় আবাদী জমি লবণাক্ততা হতে রক্ষা করা হয়েছে। বরগুনা জেলায় ০২ টি ও ভোলা জেলায় ০৩ টি প্রকল্পের কাজ বর্তমানে চলমান রয়েছে। বরিশালে জেলার বিভিন্ন উপজেলায় বর্তমানে ৫ টি প্রকল্পের কাজ চলমান আছে। এছাড়া ঝালকাঠি জেলায় ১টি ও ভোলা জেলার ভোলা সদর উপজেলায় ১টি প্রকল্প ২০২৩-২৪ অর্থ-বছরে অনুমোদিত হয়েছে এবং দ্রুত কাজ বাস্তবায়ন করা হবে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

শুষ্ক মৌসুমে নদী অববাহিকাসমূহের উজানে পানি প্রবাহ বাঁধাগ্রস্ত হওয়ায় দক্ষিণাঞ্চলে লবণাক্ততা বৃদ্ধি পায়। আবার প্রকৃতিগতভাবে বাংলাদেশের নদীতে পলি জমার কারণে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পায়। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারণে নদী তীরে ভাঙ্গন এবং তীরবর্তী এলাকায় বন্যা দেখা দেয়। অন্যান্য সেক্টরে সারা বছর কাজ করার সুযোগ থাকলেও পানি সম্পদ সেক্টরে অক্টোবর মাসে বন্যার পানি কমার পর হতে শুরু করে নভেম্বর-এপ্রিল মাত্র ৬ (ছয়) মাস সর্বোচ্চ পাওয়া যায় কাজ সম্পাদনের জন্য; যা বিগত ২ বছরে বৈশ্বিক অতিমারী কোভিড-১৯ রোগের বাংলাদেশে সংক্রমণের বিস্তার রোধে সরকার আরোপিত বিবিধ বিধি-নিষেধের দরুন আরো সংকুচিত হয়েছে। এছাড়া কালবৈশাখি ঝড়, কন্সট্রাকশন ম্যাটারিয়ালের দুষ্প্রাপ্যতা ইত্যাদি নানান কারণে কাজের সময় প্রতিকূল পরিবেশের সৃষ্টি হয়। এই অতি সীমিত সময়কালের মধ্যে প্রাকৃতিক দূর্যোগ, পাহাড়ী ঢল, শ্রমিকের সংকট বিবিধ সমস্যার উত্তরণ করে টেকসই ভৌতকাজ বাস্তবায়ন এ সেক্টরের প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারের রূপকল্প-২০৪১ এর বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সাল নাগাদ একটি সমৃদ্ধ দেশের মর্যাদা অর্জন করার রোডম্যাপ সরকার গ্রহণ করেছে। “বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০”, SDGs, প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রভৃতি বিবেচনায় নিয়ে উপকূলীয় এবং অ-উপকূলীয় অঞ্চলের জন্য আলাদা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। SDG এর ৩টি লক্ষ্যমাত্রা অর্জনে লীড, ১টি লক্ষ্যমাত্রা অর্জনে কো-লীড এবং ২০টি লক্ষ্যমাত্রা অর্জনে এসোসিয়েট হিসেবে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাপাউবো দায়িত্ব পালন করছে। ব-দ্বীপ মহাপরিকল্পনার প্রায় ৮০% বাস্তবায়নের দায়িত্ব পাসম হতে অর্পিত এবং সে লক্ষ্যে ইতোমধ্যে প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অগ্রাধিকারপ্রাপ্ত ড্রেজিং কার্যক্রমের জন্য বাপাউবো’র তৈরীকৃত ড্রেজিং এর ধারণাপত্র এর ভিত্তিতে অধিক্ষেত্রের নদ-নদীর নাব্যতা বৃদ্ধির জন্য ড্রেজিং করে সারাবছর নদীতে পানির প্রবাহ ধরে রাখার লক্ষ্যে ডিপিপি প্রনয়ণের কাজ চলমান, ফলে অধিক্ষেত্রের ৬টি জেলায় প্রাকৃতিক ভারসাম্য রক্ষা সম্ভব হবে। বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধিতে জলবায়ুর প্রভাব মোকাবেলায় উপকূলীয় পোল্ডারসমূহ পর্যায়ক্রমে পুনর্বাসন এবং শক্তিশালীকরণ করা হচ্ছে।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- এডিপি প্রকল্পের আওতায় ১৫.৪০০ কিঃমিঃ নদীর তীর সংরক্ষণ কাজ; ২৫.৫০০ কিঃমিঃ উপকূলীয় বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ উঁচুকরণ ও
- এডিপি প্রকল্পের আওতায় ১৭.০০০ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন করা, ৬ টি পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ ও ৩ টি পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত / পুনর্বাসন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণাঞ্চল, বরিশাল

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর মধ্যে ২০২৪ সালের ........জুন.... মাসের ......২৫...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুষম ও সমন্বিত পানি ব্যবস্থাপনার মাধ্যমে জনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ;
২. হাওর ও উপকূলীয় অঞ্চলের উন্নয়ন;
৩. সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন;
৪. পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন এবং অন্যান্য।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং লবণাক্ততা ও মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম;
২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপন সম্পর্কিত কার্যক্রম;
৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিত গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম;
৪. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তি সম্পর্কিত কার্যাবলি;
৫. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি;
৬. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং;
৭. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি ।

# সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| বন্যা ঝুঁকি হ্রাস | বিগত ৬৩ বছরে দেশের প্রায় ১১০ লক্ষ হেক্টর বন্যা মুক্ত ও নিষ্কাশনযোগ্য এলাকার মধ্যে প্রায় ৬৫.১৬ লক্ষ হেক্টর এলাকা বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন/ সেচ সুবিধার আওতাভুক্ত করা হয়েছে। | শতাংশ | ৬০.৫৫ | ৬১.০৫ | ৬১.০৫ | ৬১.১৫ | ৬১.১৫ | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ (পৃষ্ঠা নং-৮৬) |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ; | ২০ | [১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.১.১] নদী তীর সংরক্ষণ | সমষ্টি | কিঃ মিঃ | ২০ | ৫.১০ | ৯.৩০ | ১৫.৪০০ | ১৫.২০০ | ১৫.০০০ | ১৪.৮০০ | ১৪.৬০০ | ১২.০০০ | ১৩.০০০ |
| [২] হাওর ও উপকূলীয় অঞ্চলের উন্নয়ন; | ১৯ | [২.১] উপকূলীয় এলাকায় বন্যা ব্যবস্থাপনাকল্পে বাঁধ টেকসই করা | [২.১.১] উপকূলীয় বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ উঁচুকরণ | সমষ্টি | কিঃ মিঃ | ১৯ | ০০ | ৭.৫০০ | ২৫.৫০০ | ২৫.২০০ | ২৫.০০০ | ২৪.৮০০ | ২৪.৬০০ | ২০.০০০ | ২২.০০০ |
| [৩] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন; | ১৭ | [৩.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [৩.১.১] নিষ্কাশন খাল খনন/ পুনঃখনন | সমষ্টি | কিঃ মিঃ | ১০ | ০০ | ১২.০০ | ১৭.০০০ | ১৫.০০০ | ১৪.০০০ | ১৩.০০০ | ১২.০০০ | ১৫.০০০ | ১৮.০০০ |
| | | | [৩.১.২] পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ০০ | ০০ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৫ |
| | | | [৩.১.৩] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/ পুনর্বাসন | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ০০ | ৩ | ২ | ২ | ১ | ১ | ৩ | ৩ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন এবং অন্যান্য। | ১৪ | [৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার | [৪.১.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার | সমষ্টি | শতাংশ | ৭ | ০০ | ১০০ | ১০০ | ৯৭ | ৯৫ | ৯৩ | ৯২ | ১০০ | ১০০ |
| | | [৪.২] প্রকল্প এলাকা পরিদর্শন | [৪.২.১] প্রকল্প এলাকার কাজের সাইট পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | ০০ | ২৪ | ২৪ | | | | | ২৪ | ২৪ |
| | | [৪.৩] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন | [৪.৩.১] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন | সমষ্টি | সংখ্যা | ২ | ০০ | ১২ | ১২ | | | | | ১২ | ১২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণাঞ্চল, বরিশাল, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হিসাবে প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণাঞ্চল, বরিশাল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................................ | 25/05/2024 |
| প্রধান প্রকৌশলী<br>প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণাঞ্চল, বরিশাল | তারিখ |

| | |
|---|---|
| ............................................................ | 25-05-24 |
| মহাপরিচালক<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ADP | Annual Development Program |
| ২ | BWDB | Bangladesh Water Development Board |
| ৩ | MoWR | Ministry of Water Resources |
| ৪ | RADP | Revised Annual Development Program |
| ৫ | SDG | Sustainable Development Goal |
| ৬ | এডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| ৭ | পাসম | পানি সম্পদ মন্ত্রণালয় |
| ৮ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.১.১] নদী তীর সংরক্ষণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ প্রকল্প সংশ্লিষ্ট ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [২.১] উপকূলীয় এলাকায় বন্যা ব্যবস্থাপনাকল্পে বাঁধ টেকসই করা | [২.১.১] উপকূলীয় বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ উঁচুকরণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ প্রকল্প সংশ্লিষ্ট ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [৩.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [৩.১.১] নিষ্কাশন খাল খনন/ পুনঃখনন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ প্রকল্প সংশ্লিষ্ট ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| | [৩.১.২] পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ প্রকল্প সংশ্লিষ্ট ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [৩.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [৩.১.৩] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/ পুনর্বাসন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ প্রকল্প সংশ্লিষ্ট ব্যবস্থাপনা দপ্তর | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র |
| [৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার | [৪.১.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/ প্রকল্প সংশ্লিষ্ট জোন/ প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/ প্রকল্প সংশ্লিষ্ট ব্যবস্থাপনা দপ্তর | জোন/ সার্কেল/ ডিভিশনভুক্ত সকল প্রকল্পের জুন মাসের IMED রিপোর্ট |
| [৪.২] প্রকল্প এলাকা পরিদর্শন | [৪.২.১] প্রকল্প এলাকার কাজের সাইট পরিদর্শন | প্রকল্প সংশ্লিষ্ট জোনের প্রধান প্রকৌশলী | পরিদর্শন প্রতিবেদন |
| [৪.৩] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন | [৪.৩.১] মাসিক এডিপি পর্যালোচনা সভার আয়োজন | জোন অফিস | সভার নোটিশ ও কার্যবিবরণী |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| উপকূলীয় এলাকায় বন্যা ব্যবস্থাপনাকল্পে বাঁধ টেকসই করা | উপকূলীয় বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ উঁচুকরণ | ভূমি মন্ত্রণালয় | জমি অধিগ্রহণ ব্যতীত বাঁধ ও অবকাঠামো নির্মাণ সম্ভব হবে না। জমি অধিগ্রহণের প্রমাসনিক প্রক্রিয়া দ্রুত সম্পন্নকরণের লক্ষ্যে পাসম ও বাপউবো পর্যায়ে ভূমি মন্ত্রণালয়ে পত্র যোগাযোগ, সভা, মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট ব্রিফিং প্রভৃতি উপায়ে কার্যক্রম সমন্বয় করা হবে। |
| নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | নিষ্কাশন খাল খনন/ পুনঃখনন | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বাঁধ ও অবকাঠামো নির্মাণ/ মেরামতের জন্য বন বিভাগ রোপিত বৃক্ষের অপসারণ প্রয়োজন হতে পারে। বাঁধ ও অবকাঠামো নির্মাণ/ মেরামতের পর বন বিভাগ হতে চারা গাছ সংগ্রহ করে পরিকল্পিতভাবে পুনরায় বনায়ন করা হবে। গাছ কাটা ও নতুন চারা গাছ সংগ্রহের বিষয়ে বাপাউবো হতে জেলা পর্যায়ে বন বিভাগের সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রম সমন্বয় করা হবে। |
| নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বাঁধ ও অবকাঠামো নির্মাণ/ মেরামতের জন্য বন বিভাগ রোপিত বৃক্ষের অপসারণ প্রয়োজন হতে পারে। বাঁধ ও অবকাঠামো নির্মাণ/ মেরামতের পর বন বিভাগ হতে চারা গাছ সংগ্রহ করে পরিকল্পিতভাবে পুনরায় বনায়ন করা হবে। গাছ কাটা ও নতুন চারা গাছ সংগ্রহের বিষয়ে বাপাউবো হতে জেলা পর্যায়ে বন বিভাগের সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রম সমন্বয় করা হবে। |
| নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/ পুনর্বাসন | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বাঁধ ও অবকাঠামো নির্মাণ/ মেরামতের জন্য বন বিভাগ রোপিত বৃক্ষের অপসারণ প্রয়োজন হতে পারে। বাঁধ ও অবকাঠামো নির্মাণ/ মেরামতের পর বন বিভাগ হতে চারা গাছ সংগ্রহ করে পরিকল্পিতভাবে পুনরায় বনায়ন করা হবে। গাছ কাটা ও নতুন চারা গাছ সংগ্রহের বিষয়ে বাপাউবো হতে জেলা পর্যায়ে বন বিভাগের সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রম সমন্বয় করা হবে। |
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | জনপ্রশাসন মন্ত্রণালয় | জমি অধিগ্রহণ ব্যতীত বাঁধ ও অবকাঠামো নির্মাণ সম্ভব হবে না। জমি অধিগ্রহণের প্রমাসনিক প্রক্রিয়া দ্রুত সম্পন্নকরণ ও জমি অধিগ্রহণের অর্থের চেক যথাসম্ভব দ্রুত ক্ষতিগ্রস্থদের নিকট হস্তান্তর করে হুকুম দাখিল প্রাপ্তির লক্ষ্যে পাসম ও বাপউবো পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসনে পত্র যোগাযোগ এবং জেলা পানি সম্পদ উন্নয়ন ও জেলা ব্যবস্থাপনা কমিটির সভা প্রভৃতি উপায়ে কার্যক্রম সমন্বয় করা হবে। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ